



## আল ফাজর

## AlFajr

## أَلْفَجْر

পরম করুণাময়, অশীম  
দয়ালু আল্লাহর নামে শুরু  
করছি।

In the name of Allah,  
Most Gracious, Most  
Merciful.

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

1. শপথ ফজরের,

1. By the dawn.

وَالْفَجْرِ<sup>١</sup>

2. শপথ দশ রাত্রির, শপথ  
তার,

2. And the ten nights.

وَلَيَالٍ عَشْرٍ<sup>٢</sup>

3. যা জোড় ও যা বিজোড়

3. And the even and  
the odd.

وَالشَّفْعِ وَالْوَتْرِ<sup>٣</sup>

4. এবং শপথ রাত্রির যখন  
তা গত হতে থাকে

4. And the night when  
it departs.

وَاللَّيْلِ إِذَا يَسْرٍ<sup>٤</sup>

5. এর মধ্যে জ্ঞানী ব্যক্তির  
জন্মে শপথ আছে।

5. Is there in that an  
oath for one with sense.

هَلْ فِي ذَلِكَ قَسَمٌ لِذِي حِجْرِ<sup>٥</sup>

6. আপনি কি লক্ষ্য  
করেননি, আপনার  
পালনকর্তা আদ বংশের  
ইরাম গোত্রের সাথে কি  
আচরণ করেছিলেন,

6. Have you not  
considered how your  
Lord dealt with Aad.

أَلَمْ تَرَ كَيْفَ فَعَلَ رَبُّكَ  
بِعَادٍ<sup>٦</sup>

7. যাদের দৈহিক গঠন স্তম্ভ  
ও খুঁটির মতো দীর্ঘ ছিল  
এবং

7. Iram of lofty  
pillars.

إِرَامَ ذَاتِ الْعِمَادِ<sup>٧</sup>

8. তাদের মতো শক্তি ও  
বলবীর্ষে সারা বিশ্বে কোন  
লোক সৃষ্ট হয়নি;

8. That, the like of  
which had never been  
created in the lands.

الَّتِي لَمْ يُخْلَقْ مِثْلُهَا فِي الْبِلَادِ<sup>٨</sup>

9. এবং সামুদ গোত্রের সাথে, যারা উপত্যকায় পাথর কেটে গৃহ নির্মাণ করেছিল।

9. And Thamud who had carved out the rocks in the valley.

وَشُمُودَ الَّذِينَ جَاءُوا الصَّخْرَ  
بِالْوَادِ ۝١

10. এবং বহু কীলকের অধিপতি ফেরাউনের সাথে,

10. And Pharaoh of the stakes.

وَفِرْعَوْنَ ذِي الْأَوْتَارِ ۝٢

11. যারা দেশে সীমালঙ্ঘন করেছিল।

11. (All), who did transgress beyond bounds in the lands.

الَّذِينَ طَغَوْا فِي الْبِلَادِ ۝٣

12. এবং সেখানে অনেক অশান্তি সৃষ্টি করেছিল।

12. And spread therein much corruption.

فَاكْثَرُوا فِيهَا الْفَسَادَ ۝٤

13. অতঃপর আপনার পালনকর্তা তাদেরকে শাস্তির কশাঘাত করেছিলেন।

13. So your Lord poured on them a scourge of punishment.

فَصَبَّ عَلَيْهِمْ رَبُّكَ سَوْطَ عَذَابٍ ۝٥

14. নিশ্চয় আপনার পালকর্তা সতর্ক দৃষ্টি রাখেন।

14. Indeed, your Lord is ever watchful (in ambush).

إِنَّ رَبَّكَ لَبِالْمُرْصَادِ ۝٦

15. মানুষ এরূপ যে, যখন তার পালনকর্তা তাকে পরীক্ষা করেন, অতঃপর সম্মান ও অনুগ্রহ দান করেন, তখন বলে, আমার পালনকর্তা আমাকে সম্মান দান করেছেন।

15. Then as for man, when his Lord tries him, so He honors him and blesses him, then he says: "My Lord has honored me."

فَإِذَا الْإِنْسَانُ إِذَا مَا ابْتَلَاهُ رَبُّهُ  
فَاكْرَمَهُ وَنَعَّمَهُ فَيَقُولُ رَبِّي  
أَكْرَمَنِي ۝٧

16. এবং যখন তাকে পরীক্ষা করেন, অতঃপর রিমিক সংকুচিত করে দেন, তখন বলে, আমার পালনকর্তা আমাকে হেয় করেছেন।

16. But when He tries him and restricts for him his provision, then he says: "My Lord has humiliated me."

وَأَمَّا إِذَا مَا ابْتَلَاهُ فَقَدَرَ عَلَيْهِ  
رِزْقَهُ فَيَقُولُ رَبِّي أَهَانَنِ ۝٨

17. এটা অমূলক, বরং তোমরা এতীমকে সম্মান কর না।

17. Nay, but you do not honor the orphan.

كَلَّا بَلْ لَا تُكْرِمُونَ الْيَتِيمَ ﴿٧﴾

18. এবং মিসকীনকে অল্পদানে পরস্পরকে উৎসাহিত কর না।

18. And you do not encourage upon the feeding of needy.

وَلَا تَحْضُونَ عَلَىٰ طَعَامِ الْمُسْكِينِ ﴿٨﴾

19. এবং তোমরা মৃতের ত্যাজ্য সম্পত্তি সম্পূর্ণরূপে কুক্ষিগত করে ফেল

19. And you devour the inheritance devouring greedily.

وَتَأْكُلُونَ التُّرَاثَ أَكْلًا لَّمًّا ﴿٩﴾

20. এবং তোমরা ধন-সম্পদকে প্রাণভরে ভালবাস।

20. And you love the wealth with immense love.

وَتُحِبُّونَ الْمَالَ حُبًّا جَمًّا ﴿١٠﴾

21. এটা অনুচিত। যখন পৃথিবী চূর্ণ-বিচূর্ণ হবে

21. Nay, when the earth is leveled, pounded, crushed.

كَلَّا إِذَا دُكَّتِ الْأَرْضُ دَكًّا دَكًّا ﴿١١﴾

22. এবং আপনার পালনকর্তা ও ফেরেশতাগণ সারিবদ্ধভাবে উপস্থিত হবেন,

22. And your Lord comes, and the angels (standing in) rank upon rank.

وَجَاءَ رَبُّكَ وَالْمَلَكُ صَفًّا صَفًّا ﴿١٢﴾

23. এবং সেদিন জাহান্নামকে আনা হবে, সেদিন মানুষ উপলব্ধি করবে, কিন্তু এই উপলব্ধি তার কি কাজে আসবে?

23. And Hell on that Day is brought. That Day man shall remember, and what (good) to him will be the remembrance.

وَجَاءَ يَوْمَئِذٍ يَوْمَئِذٍ بِجَهَنَّمَ يَوْمَئِذٍ يَتَذَكَّرُ الْإِنْسَانُ وَأَنَّى لَهُ الذِّكْرَىٰ ﴿١٣﴾

24. সে বলবে, হায়, এ জীবনের জন্যে আমি যদি আগে থেকে কিছু পাঠিয়ে দিতাম?

24. He will say: "Would that I had provided in advance for this life of mine."

يَقُولُ يَلَيْتَنِي قَدَّمْتُ لِحَيَاتِي ﴿١٤﴾

25. সেদিন তাঁর শাস্তির মত শাস্তি কেউ দেবে না।

25. Then on that Day, no one can punish as His punishment.

فِيَوْمَئِذٍ لَا يُعَذِّبُ عَذَابَهُ أَحَدٌ ﴿١٥﴾

26. এবং তাঁর বন্ধনের মত  
বন্ধন কেউ দেবে না।

26. And no one can  
bind as His binding.

وَلَا يُوثِقُ وَثَاقَهُ أَحَدٌ ۝

27. হে প্রশান্ত মন,

27. O peaceful and  
fully satisfied soul.

يَا أَيَّتُهَا النَّفْسُ الْمُطْمَئِنَّةُ ۝

28. সন্তুষ্ট ও সন্তোষী হয়ে  
তুমি তোমার পালনকর্তার  
নিকট ফিরে যাও।

28. Return to your  
Lord, well pleased, and  
well pleasing (in the  
sight of your Lord).

ارْجِعِي إِلَىٰ رَبِّكِ رَاضِيَةً  
مَرْضِيَّةً ۝

29. অতঃপর আমার  
বান্দাদের অন্তর্ভুক্ত হয়ে  
যাও।

29. So enter among  
My servants.

فَادْخُلِي فِي عِبَادِي ۝

30. এবং আমার জান্নাতে  
প্রবেশ কর।

30. And enter My  
Paradise.

وَادْخُلِي جَنَّاتِي ۝

